17

দৈনিক ইত্তেফাক

তারিখ 15 MAR 1998
পৃষ্ঠা ১৮ কলাম ৪

# বিশ্ববিদ্যালয়ে ভর্তির ফরমের মূল্য বৃদ্ধিতে অসন্তোষ

আনোয়ার আলদীন ॥ দেশের কয়েকটি বিশ্ববিদ্যালয়ে অনার্স শ্রেণীর ভর্তি ফরমের মূল্য বৃদ্ধির কারণে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হইয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং ইসলামী রিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরমের মূল্য ২৫ টাকা হইতে ৫০ টাকা পর্যন্ত বৃদ্ধির প্রেক্ষিতে ছাত্র সংগঠনগুলি আন্দোলনে নামিয়াছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরমের মূল্য হ্রাসের দাবীতে 'সংগ্রামী ছাত্রজোট' গত রবিবার ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট পালন করিয়াছে। এই জোটে ছাত্রলীগ, ছাত্রদলসহ সকল ছাত্র সংগঠন ঐক্যবদ্ধ হইয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৯৭-৯৮ শিক্ষা বর্ষে ভর্তি ফরমের মূল্য ১৫০ টাকা হইতে বৃদ্ধি করিয়া ২০০ টাকা করায় ইহার প্রতিবাদে

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয়ে ভর্তি

(শেষ পৃঃ পর)

বিভিন্ন ছাত্র সংগঠন কর্মসূচী ঘোষণার উদ্যোগ নিয়াছে। আগামী ২২শে মার্চ হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরমের বিক্রয় কার্যক্রম শুরু হইবে। ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরমের মূল্য ৫০ টাকা হইতে বৃদ্ধি করিয়া ৭৫ টাকা করা হইয়াছে। গত ৩রা মার্চ হইতে এই বিশ্ববিদ্যালয়ে ফরম বিক্রি শুরু হইয়াছে। উহা চলিবে ২৫শে মার্চ পর্যন্ত।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৫০ টাকার ভর্তি ফরম ৭৫ টাকা করা হইয়াছে। বিষয়ভিত্তিক ভর্তি পরীক্ষা হইবে এই বিশ্ববিদ্যালয়ে। প্রতিটি বিষয়ের জন্য পৃথক ফরম ক্রয় করিতে হইতেছে ছাত্র-ছাত্রীদের। গত ১লা মার্চ হইতে ফরম বিক্রি শুরু হইয়াছে এবং তাহা ৩০শে মার্চ পর্যন্ত চলিবে। ভর্তি পরীক্ষা হইবে ১৫ই এপ্রিল হইতে ২৮শে এপ্রিল পর্যন্ত। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হইবে ২রা মে হইতে। উহা ছাড়া কৃষিবিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম রাখা হইতেছে ২০০ টাকা করিয়া। ফরম বিক্রি শুরু হইবে আজ হইতে। শীঘ্রই চট্টগ্রাম ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হইবে। এই দুই বিশ্ববিদ্যালয়েরও ভর্তির ফরমের মূল্যবৃদ্ধি করা হইবে বলিয়া জানা গিয়াছে।

চলতি বছরে অকস্মাৎ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অনার্স শ্রেণীর ভর্তি ফরমের মূল্য বৃদ্ধি করা হইয়াছে। ইহাতে দরিদ ছাত্র-ছাত্রীরা সমস্যায় পড়িতেছে। কারণ প্রতিটি ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ নিয়া থাকে। তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ভর্তি পরীক্ষায় তাহারা যে কোন একটি বিশ্ববিদ্যালয়ে সুযোগ পাইতে চায়। যে বিশ্ববিদ্যালয়ে বিষয় ভিত্তিক ভর্তি পরীক্ষা হইবে সেখানে একজন ছাত্র-ছাত্রীকে একাধিক ফরম কিনিতে অনেক অর্থ ব্যয় হইবে। ইহার বাহিরে ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ভুক্ত কলেজগুলিতে অনার্সে ভর্তি ফরমের মূল্য ১০ টাকা হইতে বাড়াইয়া ১০০ টাকা করা হইয়াছে।